NEW YORK STATE | Department of Health



# নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যের উন্নতির একটি পরিকল্পনা: প্রতিরোধ বিষয়ক এজেন্ডা

## আমরা কতটা সুস্থ? কীভাবে আমাদের স্বাস্থ্যের উন্নতি করা যেতে পারে?

আপনি 2025-2030 প্রতিরোধ বিষয়ক এজেন্ডা (Prevention Agenda)-তে এই প্রশ্নগুলির উত্তর খুঁজে পেতে পারেন। এটি নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেকের স্বাস্থ্য এবং কল্যাণের উন্নতির জন্য একটি ছয় বছরের পরিকল্পনা। এটি নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) দ্বারা তৈরি করা হয়েছিল এবং যাকে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য উন্নয়ন পরিকল্পনা (New York State's Health Improvement Plan, SHIP)-ও বলা হয়। ভিজিট করুন: **health.ny.gov/PreventionAgenda**

▲ **প্রতিরোধ বিষয়ক এজেন্ডা স্ক্যান করুন**

**প্রতিরোধ বিষয়ক এজেন্ডা যা করতে প্রতিশ্রুতিবদ্ধ:**

- **নিউ ইয়র্ক স্টেটের মানুষকে তাদের স্বাস্থ্যের সর্বোচ্চ স্তরে পৌঁছানোর সুযোগ দেওয়া**
- **প্রতিরোধ:** অসুস্থতা এবং স্বাস্থ্যের নেতিবাচক প্রভাব, বা ফল তৈরি হওয়ার আগেই তা প্রতিরোধ করা
- **বৈষম্য কমানো:** অর্থাৎ, পরিবেশের যেসব অবস্থা স্বাস্থ্য, কার্যক্ষমতা এবং জীবনযাত্রার মানকে নেতিবাচকভাবে প্রভাবিত করে, তা সত্ত্বেও যেন সবাই যথাসম্ভব সুস্থ থাকার একটি ন্যায্য ও ন্যায়সংগত সুযোগ পায়। উদাহরণস্বরূপ, হাঁটার জন্য অনিরাপদ স্থান বা পুষ্টিকর খাবারের সহজলভ্যতার অভাব



## ভেতরের এক ঝলক

প্রতিরোধ বিষয়ক এজেন্ডা উল্টে দেখলে আপনি দেখতে পাবেন যে এটি একটি বিস্তৃত দৃষ্টিভঙ্গি প্রদান করে। এটি আমাদের স্বাস্থ্যকে প্রভাবিত করে এমন প্রথাগত কারণগুলির বাইরে গিয়ে আমাদের দৈনন্দিন জীবনের সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত বিষয়গুলির ওপর জোর দেয়, যেমন, আমরা কোথায় বাস করি। প্রতিরোধ বিষয়ক এজেন্ডা স্বাস্থ্যগত অবস্থা, আচরণ এবং পদ্ধতিগত সমস্যাগুলির (ব্যবস্থা কীভাবে কাজ করে তার কারণে তৈরি সমস্যা) সমাধানের জন্য 24টি প্রধান অগ্রাধিকারের রূপরেখা দেয়। এগুলির মধ্যে রয়েছে দারিদ্র্য, শিক্ষা, আবাসন এবং মানসম্মত স্বাস্থ্য সেবা প্রাপ্তির সুযোগ।

## প্রতিরোধ বিষয়ক এজেন্ডা কীভাবে কাজ করে?

প্রতিরোধ বিষয়ক এজেন্ডা হলো নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ এবং পুরো স্টেটজুড়ে স্বাস্থ্যে নিয়োজিত অন্যান্যদের মধ্যে একটি অংশীদারিত্ব। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগটি স্থানীয় স্বাস্থ্য বিভাগ, হাসপাতাল, কমিউনিটি-ভিত্তিক সংস্থা, স্বাস্থ্য সেবা প্রদানকারী, আইনজীবী, শিক্ষাবিদ, অন্যান্য স্টেট এজেন্সি এবং নীতি নির্ধারকদের সাথে কাজ করে। এই গোষ্ঠীগুলি প্রতিটি কমিউনিটির চাহিদা মেটাতে সৃজনশীল এবং চিন্তাশীল উপায়ে সম্পদ ব্যবহার করে তাদের দৈনন্দিন কাজে প্রতিরোধ বিষয়ক এজেন্ডা প্রয়োগ করে।





## এটি কীভাবে তৈরি হয়েছিল?

আমাদের প্রথমে নিউ ইয়র্ক স্টেটের বর্তমান স্বাস্থ্য পরিস্থিতি, এবং ধারা ও শীর্ষ জনস্বাস্থ্য বিষয়গুলি কী ছিল, তা জানার প্রয়োজন ছিল। আমাদের কাজ এবং অর্থায়ন কীভাবে ভাগ করা যায় সে বিষয়েও বিবেচনা করার প্রয়োজন ছিল। এই প্রশ্নগুলির উত্তর পেতে, আমরা একটি স্টেট স্বাস্থ্য মূল্যায়ন (State Health Assessment, SHA), বা পর্যালোচনা করেছি। এটি প্রতিরোধ বিষয়ক এজেন্ডা তৈরির জন্য একটি নির্দেশিকা হিসাবে কাজ করেছে।



## প্রতিরোধ বিষয়ক এজেন্ডা সম্পর্কে জানুন

আরও জানতে প্রতিরোধ বিষয়ক এজেন্ডা ওয়েবসাইট দেখুন।

ভিজিট করুন:
**health.ny.gov/PreventionAgenda**



## বাস্তবে প্রতিরোধের কার্য্যকলাপ দেখুন

প্রতিরোধ বিষয়ক এজেন্ডা ড্যাশবোর্ড (Prevention Agenda Dashboard) দেখে তাদের অগ্রগতি দেখুন।

ভিজিট করুন:
**health.ny.gov/PreventionAgendaDashboard**



## কীভাবে যুক্ত হবেন

আমরা নতুন অংশীদারদের স্বাগত জানাই। আরও তথ্যের জন্য Partnerships and Collaboration (অংশীদারিত্ব এবং সহযোগিতা) ট্যাব খুঁজুন।

ভিজিট করুন:
**health.ny.gov/PreventionAgenda**

NEW YORK STATE | Department of Health